

# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড

লক্ষ্মীপুর শাখা, লক্ষ্মীপুর।

অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স নিখিল অলংকার, স্বত্বাধিকারী-জনাব সঞ্জয় কুমার কুরী, পিতা-মৃত নিখিল চন্দ্র কুরী, মাতা-কল্প্যনী রানী কুরী, ব্যবসায়িক ঠিকানা-স্বর্ণকার রোড, সদর, লক্ষ্মীপুর, বর্তমান ও স্থায়ী ঠিকানা-স্বর্ণকার রোড, পোঃ ও থানা-লক্ষ্মীপুর, জেলা-লক্ষ্মীপুর কর্তৃক ইউসিবি, লক্ষ্মীপুর শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩০/০৬/২০১৭ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ৩,১৯,১১,২৫৬.১৮ (তিন কোটি উনিশ লক্ষ এগারো হাজার দুইশত ছাপ্পান্ন টাকা আঠার পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

## বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল

- ১। জেলা-লক্ষ্মীপুর, থানা-লক্ষ্মীপুর সদর, জে.এল. নং-৬৩, মৌজা-বাঞ্চানগর, খতিয়ান নং-পি.এস.-২৫১, এম.আর.আর.-২৫৮, নামজারী-৪০০৩, দাগ নং-১৬২৭২, মোট জমির পরিমাণ-১০ শতাংশ এবং তদুপরিস্থিত সেমি পাকা দোকান যাহা লক্ষ্মীপুর পৌরসভার অন্তর্গত স্বর্ণকার রোডে অবস্থিত।
- ২। জেলা-লক্ষ্মীপুর, থানা-লক্ষ্মীপুর সদর, জে.এল. নং-৬৩, মৌজা-বাঞ্চানগর, খতিয়ান নং-পি.এস.-২৯০, এম.আর.আর.-২৮৩, জমাখারিজ-৭০২৪, দাগ নং-১৬১৭৮, মোট জমির পরিমাণ-২০ শতাংশ এবং তদুপরিস্থিত সেমি পাকা দোকান যাহা লক্ষ্মীপুর পৌরসভার অন্তর্গত স্বর্ণকার রোডে অবস্থিত।
- ৩। জেলা-লক্ষ্মীপুর, থানা-লক্ষ্মীপুর সদর, জে.এল. নং-৬৩, মৌজা-বাঞ্চানগর, খতিয়ান নং-পি.এস.-২৩০২, এম.আর.আর.-১৮৮৬, জমাখারিজ-৬২১৯, দাগ নং-৪৯৬১, ৪৯৭০, মোট জমির পরিমাণ-৩৪ শতাংশ যাহা লক্ষ্মীপুর পৌরসভার অন্তর্গত শাখারিপাড়া রোডে অবস্থিত।
- ৪। জেলা-লক্ষ্মীপুর, থানা-লক্ষ্মীপুর সদর, জে.এল. নং-২৬৩, মৌজা-মোজানন্দী, খতিয়ান নং-ডি.এস.-১২৫, এম.আর.আর.-১৩৪, জমাখারিজ-২৪৬, দাগ নং-৩৯১, মোট জমির পরিমাণ-৬৭ শতাংশ যাহা লক্ষ্মীপুর পৌরসভার অন্তর্গত।

## নিলামের শর্তাবলী :-

- ১। আগামী ১২/০৯/২০১৭ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, লক্ষ্মীপুর শাখা, লক্ষ্মীপুর এ রক্ষিত বাঞ্চে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- ২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, লক্ষ্মীপুর শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- ৩। অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- ৪। দরদাতাগণ তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।
- ৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্ৰাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- ৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।
- ৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- ৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্মারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

শাখা ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, লক্ষ্মীপুর শাখা, লক্ষ্মীপুর।